

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৭৯(আগরতলা-৯।৯)

মোহনপুর, ৯ সেপ্টেম্বর, ২০২০

**আঅনির্ভর ত্রিপুরা গড়ে তোলার উদ্যোগ নিয়েছে সরকার : শিক্ষামন্ত্রী**

মোহনপুর প্রাইমারি মার্কেটিং কোঅপারেটিভ সোসাইটি লিমিটেডের অফিস প্রাঙ্গণে আজ ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চা পাতা বিক্রয় কেন্দ্রের সূচনা হয়েছে। শিক্ষামন্ত্রী রতনলাল নাথ এই চা পাতা বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন। ত্রিপুরা চা উন্নয়ন নিগমের এই চা পাতা বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করে শিক্ষামন্ত্রী বলেন, আঅনির্ভর ত্রিপুরা গড়ে তোলার উদ্যোগ নিয়েছে সরকার। এই লক্ষ্যে সারা রাজ্যে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। তিনি বলেন, ত্রিপুরায় নতুন সরকার আসার পর মোহনপুর সমবায় সমিতিতে গোমতী মিল্ক প্রোডাক্ট বিক্রয় কেন্দ্র, কাপড় বিক্রয় কেন্দ্রের মতো রোজগার সৃষ্টি করতে পারে এমন কর্মসূচি রূপায়িত হয়েছে। আজকের এই চা পাতা বিক্রয় কেন্দ্রের সাথে সাথে সজ্জি বিক্রয় কেন্দ্র চালু হলো। তিনি বলেন, রাজ্যে নতুন সরকার আসার পর চা বাগানগুলি লাভের মুখ দেখতে শুরু করেছে। ত্রিপুরার চা এখন সারা দেশেই জনপ্রিয় হয়ে উঠেছে। দেশের বিখ্যাত টাটা টি কোম্পানি রাজ্যের চা ক্রয়ে আগ্রহ দেখাচ্ছে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় রাজ্যের জনজাতিদের হাতে তৈরি রিসা আজ সারা দেশে বিশেষ পরিচিতি লাভ করেছে। এতে রাজ্যের গ্রামীণ এলাকার জনজাতি মহিলাদের আয়ের উৎস সৃষ্টি হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণে ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সন্তোষ সাহা বলেন, প্রথমে আগরতলা শহরের ২৩১টি রেশন দোকানের মাধ্যমে নিগমের চা পাতা বিক্রয়ের উদ্যোগ নেওয়া হয়েছিলো। আজ মোহনপুরেও নিগমের চা পাতা বিক্রি শুরু হলো। তাছাড়া বিশালগড়, জিরানিয়া, তেলিয়ামুড়া এ সমস্ত এলাকাতেও রেশন দোকানের মাধ্যমে নিগমের চা পাতা বিক্রির প্রক্রিয়া শুরু হয়েছে। এর ফলে সমবায় সমিতিগুলি লাভবান হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সমবায় দপ্তরের উপনিয়ামক নিখিল রঞ্জন চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন অনিতা দেবনাথ, সমাজসেবী ধীরেন্দ্র দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর প্রাইমারি মার্কেটিং কোঅপারেটিভ সোসাইটি লিমিটেডের বোর্ড অব ডিরেক্টর শ্যামল দেবনাথ। সভাপতিত্ব করেন সোসাইটির চেয়ারম্যান নিতাই দে।

\*\*\*\*\*